গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
খাদ্য ভবন,১৬ আব্দুল গনি রোড,ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.২৭ তারিখ: ২১ জানুয়ারী ২০২১

# ১২/০১/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব আব্দুল্লাহ আল মামুন, পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

তারিখ : ১২/০১/২০২১খ্রি:, মঙ্গলবার।

সময় : বিকাল ০৩:০০ ঘটিকা।

স্থান : Zoom অ্যাপসের মাধ্যমে ভিডিও কনফারেন্সিং-এ ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয় । সভাপতি এবং সদস্যরা সংশ্লিষ্ট নিজ নিজ দপ্তর থেকে ভার্চুয়াল সভায় অংশগ্রহণ করেন ।

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট- ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করার জন্য সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট-কে আহবান জানান। জনাব মঞ্জুর আলম, সিস্টেম এনালিস্ট সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | অব্যবহৃত এনালগ ট্রাকস্কেলকে ডিজিটাল ট্রাকস্কেলে রূপান্তরপূর্বক সঠিক ওজন ব্যবস্থাপনা। | এনালগ ট্রাকস্কেলকে ডিজিটাল ট্রাকস্কেলে রূপান্তরের জন্যে কি কি অবকাঠামো প্রয়োজন হবে, বাস্তবায়ন কর্মপরিকল্পনা ও আর্থিক প্রস্তাব প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | প্রয়োজনীয় অবকাঠামোসহ বাস্তবায়ন কর্মপরিকল্পনা ও আর্থিক প্রস্তাব প্রেরণ করতে হবে। | জনাব মোহাম্মদ ফয়জুল্লাহ খান শিবলী, সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলো, বগুড়া। |
| ২। | এলএসডি/সিএসডি/সাইলোতে শ্রম ও হ্যান্ডলিং কার্যক্রমে শ্রমিক নিয়োগ, কার্যক্রম পরিচালনা ও শ্রমিক মজুরি নিশ্চিতকরণ। | ক) শ্রম ও হ্যান্ডলিং কার্যক্রমে শ্রমিক নিয়োগ, কার্যক্রম পরিচালনা ও শ্রমিক মজুরি নির্ধারণের বিষয়ে সংশ্লিষ্ট শ্রমিকগণের সাথে আলোচনা করে কাজের ধরনের উপর ভিত্তি করে খাদ্যশস্য বোঝাই খালাসের জন্য দর নির্ধারণ করে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br><br>খ) পরিচালক, চসসা বিভাগ প্রাপ্ত প্রস্তাব যাচাই-বাছাই করে পূর্ণাঙ্গ প্রস্তাব পাইলটিং এর অনুমোদনের জন্য খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ক) শ্রম ও হ্যান্ডলিং কার্যক্রমে শ্রমিক নিয়োগ, কার্যক্রম পরিচালনা ও শ্রমিক মজুরি নির্ধারণের বিষয়ে সংশ্লিষ্ট শ্রমিকগণের সাথে আলোচনা করে কাজের ধরনের উপর ভিত্তি করে খাদ্যশস্য বোঝাই খালাসের জন্য দর নির্ধারণ করে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br><br>খ) পরিচালক, চসসা বিভাগ যাচাই-বাছাই করে পূর্ণাঙ্গ প্রস্তাব পাইলটিং এর অনুমোদনের জন্য খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। | ক) জনাব মোহাম্মদ আমিনুল এহসান, জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ।<br><br>খ) পরিচালক, চসসা বিভাগ । |

| ক্রঃ নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩। | অটোমেটিক চালকলের পাক্ষিক মিলিং ক্ষমতা নির্ণয় ব্যবস্থাপনা | অটোমেটিক চালকলের পাক্ষিক ক্ষমতা নির্ণয় করার জন্য মিলের পারবয়েলিং ইউনিট, হাড়ি, ড্রায়ার, মিলিং ইউনিট প্রভৃতির সক্ষমতা নির্ণয়ে কমন ফর্মুলা নির্ধারণ পূর্বক বিস্তারিত কর্মপরিকল্পনাসহ প্রস্তাব প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে সফটওয়্যার প্রণয়নে কি পরিমাণ আর্থিক সংশ্লেষ রয়েছে তা উল্লেখপূর্বক সফটওয়্যার তৈরি করার জন্য পিপিআর অনুযায়ী কার্যক্রম গ্রহণ ও কার্যাদেশ দেওয়ার পূর্ব সকল তথ্যসহ আর্থিক মঞ্জুরির জন্য আবেদন করার বিষয়ে আলোচনা হয়। | অটোমেটিক চালকলের পাক্ষিক ক্ষমতা নির্ণয়ে কমন ফর্মুলা নির্ধারণ ও পিপিআর অনুযায়ী সফটওয়ার ক্রয়ের কার্যক্রম শুরু করতে হবে এবং কার্যাদেশ দেওয়ার পূর্বে সকল তথ্যসহ আর্থিক মঞ্জুরি গ্রহণ করতে হবে। | জনাব মোঃ রায়হানুল কবীর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী ও জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর। |
| ৪। | এলএসডি/সিএসডির খামাল ব্যবস্থাপনা মনিটরিং | ভার্চুয়াল গুদাম ও খামাল তৈরির উদ্যোগটি পাইলটিংয়ের জন্য "খামাল ব্যবস্থাপনা মনিটরিং" নামে একটি সফট্ওয়্যার তৈরি করার বিষয়ে আলোচনা করা হয়। | প্রস্তাব অনুযায়ী এলএসডি/সিএসডির খামাল ব্যবস্থাপনা মনিটরিং সফটওয়ার পিপিআর অনুযায়ী ক্রয়ের কার্যক্রম শুরু করতে হবে এবং কার্যাদেশ দেওয়ার পূর্ব সকল তথ্যসহ আর্থিক মঞ্জরি গ্রহণ করতে হবে। | জনাব সুবীর নাথ চৌধুরী, জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৫। | ডিজিটাল জামানত ব্যবস্থাপনা | ডিজিটাল জামানত ব্যবস্থাপনা বাস্তবায়নে জেলা খাদ্য নিয়ন্ত্রক, শেরপুর নামে অগ্রণী ব্যাংক লিমিটেড, শেরপুর শাখা, শেরপুর এ একটি STD (Short Term Deposit) হিসাব খোলা হয়েছে। উক্ত হিসাবে মিলারদের ধান, চাল ও খালিবস্তার জামানত বাবদ ৯৮,৪৩,৩০০/- (আটানব্বই লক্ষ তেতাল্লিশ হাজার তিনশত) টাকা ইতোমধ্যে জমা করা হয়েছে। জামানত বাবদ কি পরিমাণ অর্থ জমা করা হয়েছে এবং কি পরিমাণ লভ্যাংশ বাবদ জমা হয়েছে তার বিস্তারিত তথ্যসহ অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | STD হিসাবে জামানত বাবদ কি পরিমাণ অর্থ জমা করা হয়েছে এবং কি পরিমান লভ্যাংশ বাবদ জমা হয়েছে তার বিস্তারিত অগ্রগতির প্রতিবেদন প্রতি মাসে প্রেরণ করতে হবে। | জনাব মোঃ ফরহাদ খন্দকার, জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,শেরপুর। |
| ৬। | আইডিয়া বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ | প্রতি মাসে কর্মপরিকল্পনা অনুযায়ী আইডিয়া বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রতি মাসে কর্মপরিকল্পনা অনুযায়ী আইডিয়া বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সকল উদ্ভাবকগণ |

| ক্রঃ নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| ৭। | সেবাসহজিকরণ কর্মশালায় প্রাপ্ত নতুন আইডিয়াসমূহ | সেবাসহজিকরণ কর্মশালায় প্রাপ্ত নতুন আইডিয়াসমূহ বিষয়ে পরবর্তী সভায় উপস্থাপন করার বিষয়ে আলোচনা হয়। | সেবাসহজিকরণ কর্মশালায় প্রাপ্ত নতুন আইডিয়াসমূহ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ক) জনাব মোহাম্মদ বাবুল হোসেন, জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা<br>খ) জনাব মাহমুদুল হাছান, জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান।<br>গ) জনাব মোঃ আব্দুর রহমান, সহকারী খাদ্য নিয়ন্ত্রক, যশোর ।<br>ঘ) জনাব তহিদুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হিজলা, বরিশাল।<br>ঙ) জনাব মোঃ খবির উদ্দিন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বানিয়াচং, হবিগঞ্জ। |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/১/২০২১

(আব্দুল্লাহ আল মামুন)
পরিচালক, প্রশাসন বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
ফোন- ০২-৯৫৮৬২১৩
ই-মেইল-dadm@dgfood.gov.bd

২১.০১.২১

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.২৭

তারিখ: ২১ জানুয়ারী ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
২) অতিরিক্ত সচিব, বাজেট ও অডিট অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
৩) পরিচালক, সংগ্রহ/ সরবরাহ, বন্টন ও বিপণন/ চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর
৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট
৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
৬) সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলো, বগুড়া
৭) ইনোভেশন টিমের সকল সদস্য
৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জ/ বগুড়া/ খুলনা/ ব্রাহ্মণবাড়িয়া/ শেরপুর/ বান্দরবান
৯) সহকারী খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, যশোর।
১০) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় হিজলা, বরিশাল/বানিয়াচং, হবিগঞ্জ

২১/১/২০২১

(আব্দুল্লাহ আল মামুন)
পরিচালক, প্রশাসন বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।